গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয়: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক গত ০৩(তিন) মাসে বর্তমান সরকারের গৃহীত কার্যক্রম ও সাফল্য সক্রান্ত প্রতিবেদন এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক গত ০৩(তিন) মাসে বর্তমান সরকারের গৃহীত কার্যক্রম ও সাফল্য সক্রান্ত প্রতিবেদন এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

**সংযুক্তিঃ ০৪(চার) পাতা।**

(কাজী জিয়াউল হাসিব)
উপসচিব
ফোন: ০২২২৩৩৮০৭৮৭
E-mail- admin2@moi.gov.bd

সিস্টেম এনালিস্ট (আইসিটি শাখা), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।

ইউ.ও.নোট নং-১৫.০০.০০০০.০১৫.০৬.০০৫.২৪.৩১ তারিখ: ০৫.১১.২০২৪ ইং

F:\Old Pc (F-Drive)\U.O. Note.doc

## তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক গত ০৩ (তিন) মাসে বর্তমান সরকারের গৃহীত কার্যক্রম ও সাফল্য সংক্রান্ত প্রতিবেদন

| ক্র: নং- | মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থার নাম | বর্তমান সরকারের গৃহীত কার্যক্রম | সাফল্য |
|---|---|---|---|
| ০১. | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | বৈষম্যবিরোধী ছাত্র জনতার আন্দোলনে সারাদেশে নিহত আহত সাংবাদিকদের তথ্য সংগ্রহ। | বৈষম্যবিরোধী ছাত্র জনতার আন্দোলনে সারাদেশে নিহত/আহত সাংবাদিকদের সংগৃহীত তথ্যে ভিত্তিতে অনুদান প্রদানের জন্য এ সংক্রান্ত তালিকা বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্টে প্রেরণ করা হয়েছে। |
| | | পতিত সরকারের সকল অপকর্মসহ মানবতাবিরোধী অপরাধ অন্তর্ভুক্ত করে ডকুমেন্টারি নির্মাণ। | পতিত সরকারের (২০০৯ সাল থেকে ২০০৪ পর্যন্ত) সকল দুর্নীতি, অনাচার, দমন-পীড়ন, সাম্প্রতিক গণহত্যা হেফাজত হত্যাকাণ্ডসহ সকল হত্যাকাণ্ড খুন,গুম, আয়নাঘর, দলীয়করণ, নির্বাচনী ব্যবস্থা ধ্বংস, বাক-স্বাধীনতা হরণ,দলীয় লাঠিয়াল বাহিনীর অপকর্মসহ সকল মানবতাবিরোধী অপরাধ অন্তর্ভুক্ত করে ডকুমেন্টারি নির্মাণের জন্য ডিএফপিকে নির্দেশনা দেয়া হয়েছে। |
| | | ২০২৪-২৫ অর্থ বছরে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের বিভিন্ন প্রকাশনার বিষয়বস্তু অনুমোদন। | বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন এবং ছাত্র জনতার বিপ্লবের বিষয়টি অন্তর্ভুক্ত করে বিভিন্ন প্রকাশনার বিষয়বস্তু অনুমোদন দেয়া হয়েছে। |
| | | জাতিসংঘের তিনজন স্পেশাল রেপোর্টিয়ার কর্তৃক বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতির বিষয়ে আনীত অভিযোগের তদন্তকরণ। | জাতিসংঘের তিনজন স্পেশাল রেপোর্টিয়ার কর্তৃক বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতির (১৬-০৭-২০২৪ হতে ০৫-০৮-২০২৪ তারিখ সময়ে) বিষয়ে আনীত অভিযোগের তদন্ত প্রতিবেদন পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। |
| | | গণমাধ্যমে কর্মরত সাংবাদিকদের বিরুদ্ধে বিভিন্ন হয়রানিমূলক মামলা পর্যবেক্ষণ। | গণমাধ্যমে কর্মরত সাংবাদিকদের বিরুদ্ধে বিভিন্ন হয়রানিমূলক মামলা পর্যবেক্ষণের লক্ষ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ৮ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। গঠিত কমিটির সভার সিদ্ধান্তের আলোকে ০১-০৭-২০২৪ পরবর্তী সময়ে দেশব্যাপী গণমাধ্যমে কর্মরত সাংবাদিকদের বিরুদ্ধে দায়েরকৃত হয়রানিমূলক মামলার তথ্য সংগ্রহের কার্যক্রম চলমান আছে। |

| | | | |
|---|---|---|---|
| | | গত ০৩ (তিন) মাসে ২৩(৫টি আংশিক) অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে। যার আর্থিক সংশ্লেষ ৭৬,৫১,১৮,০০০/-টাকা। | কার্যক্রম চলমান রয়েছে। |
| | | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক নিম্নবর্ণিত কমিটি পুর্ণগঠন করা হয়েছেঃ-<br>চলচ্চিত্র আমদানি ও রপ্তানির সুপারিশ প্রদানের জন্য কর্মকর্তা ও ব্যক্তিবর্গের সমন্বয়ে কমিটি, সাংবাদিক কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৪ অনুযায়ী ট্রাস্টি বোর্ড কমিটি, পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটি, পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র স্ক্রিপ্ট বাছাই কমিটি, পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান উপ-কমিটি, স্বল্প দৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটি, স্বল্প দৈর্ঘ্য চলচ্চিত্র স্ক্রিপ্ট বাছাই কমিটি, স্বল্প দৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটি, প্রধান তথ্য কমিশনার ও তথ্য কমিশনার নিয়োগে সুপারিশ প্রদানের লক্ষ্যে একটি তিন সদস্যবিশিষ্ট বাছাই কমিটি, জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০২৩ প্রদানের উদ্দেশ্য জুরি বোর্ড, বিভিন্ন পরিচালনা পর্ষদ, কমিটি ও উপ-কমিটি গঠনের লক্ষ্যে সদস্য নাম প্রস্তাবের জন্য সার্চ কমিটি, বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড ও চলচ্চিত্র বিষয়ক জাতীয় পরামর্শক কমিটি। | |
| | | ২৪-২৮ সেপ্টেম্বর ২০২৪ সময়ে **'SAARC Film Festival (Participatory Programme-Srilanka)** এ বাংলাদেশী চলচ্চিত্র প্রদর্শনের জন্য চলচ্চিত্র প্রেরণ। | আলোচ্য উৎসবে প্রদর্শনের জন্য বাংলাদেশের নির্মিত (পূর্ণদৈঘ্য, স্বল্পদৈর্ঘ্য, শিশুতোষ ও প্রামাণ্যচিত্র) ০৬টি চলচ্চিত্র পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। |
| | | দেশি/বিদেশি চলচ্চিত্র আমদানি/রপ্তানি জন্য সুপারিশ প্রদান সংক্রান্ত কমিটি, পূর্ণদের্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদানের স্ক্রিপ্ট বাছাই কমিটি, পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান উপ-কমিটি, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটি, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদানের স্ক্রিপ্ট বাছাই কমিটি ও স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান উপ-কমিটি পুনগঠনের কার্যক্রম গ্রহণ। | আলোচ্য কমিটিগুলোর পুনগঠন হয়েছে। পুনগঠিত কমিটি দ্বারা চলচ্চিত্রের কার্যক্রম চলমান রয়েছে। |
| ০২. | **বাংলাদেশ টেলিভিশন** | বর্তমান সরকারের গৃহীত কার্যক্রমের উপর অনুষ্ঠান প্রচার | ক্র. ন. \| অনুষ্ঠান, স্পষ্ট/ফিলারের নাম \| ব্যাপ্তিকাল<br>১ \| আগামীর বাংলাদেশ \| ৫০ মিনিট<br>২ \| কেমন আছে অর্থনীতি \| ৫০ মিনিট<br>৩. \| ফ্যাসিবাদের দিনলিপি \| ৪০ মিনিট<br>৪. \| নিপীড়নের গল্প \| ৪০ মিনিট |
| | | জুলাই গণঅভ্যুত্থানে শহিদ ছাত্র জনতা এবং তাদের পরিবারবর্গকে নিয়ে প্রামাণ্যচিত্র নির্মাণপূর্বক প্রচার | ক্র: ন \| অনুষ্ঠান, স্পষ্ট/ফিলারের নাম \| ব্যাপ্তিকাল<br>১ \| দিয়েছে যে প্রাণ \| ১০ মিনিট |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td></td>
<td>এছাড়া, জুলাই গণঅভ্যুথানে শহিদ ও আহত ছাত্র জনতার এবং তাদের পরিবারবর্গ নিয়ে নির্মিত অনুষ্ঠান সমূহ;<br>১। নতুন স্বাধীনতায় শহিদদের আত্মউৎসর্গ নিয়ে অনুষ্ঠান: আমাদের শহিদরা<br>২। শহিদদের পরিবারের আর্তনাদ ‘শহিদ আমজাদ হোসেন, নরসিংদী<br>৩। শহিদদের পরিবারের আর্তনাদ ‘শহিদ আসিফ হাসান, সাতক্ষীরা’<br>৪। শহিদদের পরিবারের আর্তনাদ ‘শহিদ সাজু ইসলাম’<br>৫। শহিদদের পরিবারের আর্তনাদ ‘শহিদ মারুফ হোসেন’<br><br>৬। চোখ হারানো রোগীদের আর্তনাদ ‘চক্ষু হাসপাতাল’<br>৭। হাত পা হারানো রোগীদের আর্তনাদ ‘পঙ্গু হাসপাতাল’<br>৮। হাসপাতালে আহত রোগীদের আর্তনাদ<br>৯। “জুলাই বিপ্লব” স্বাধীনতা ০২ এই সেগমেন্টে প্রতিদিন সন্ধ্যার ৭টার সংবাদে প্রচার।</td>
</tr>
<tr>
<td></td>
<td></td>
<td>ঢাকাসহ সারাদেশে দেওয়াল লিখন, স্লোগান এবং গ্রাফিতি তুলে ধরে তথ্য বিবরণীমূলক অনুষ্ঠান প্রচার</td>
<td>
<table>
<tr><th>ক্র.ন</th><th>অনুষ্ঠান, স্পষ্ট/ফিলারের নাম</th><th>ব্যাপ্তিকাল</th></tr>
<tr><td>১</td><td>নতুন বাংলাদেশ বির্নিমানে গ্রাফিতি (অনুষ্ঠান)</td><td>১০ মিনিট</td></tr>
<tr><td>২</td><td>কেমন বাংলাদেশ চাই (ফিলার)</td><td>০৫ মিনিট</td></tr>
</table>
এছাড়া, ঢাকাসহ সারাদেশে দেওয়াল লিখন, স্লোগান এবং গ্রাফিতি তুলে ধরে নির্মিত অনুষ্ঠানসমূহ<br><br>১। ছাত্র-ছাত্রীদের দেওয়াল অংকন নিয়ে অনুষ্ঠান: গ্রাফিতি<br>২। তারুন্যের ভাবনা<br>৩। দেশ গড়ার প্রত্যয়<br>৪। জানমালের নিরাপত্তা</td>
</tr>
<tr>
<td>০৩.</td>
<td>বাংলাদেশ সাংবাদিক <u>কল্যাণ ট্রাস্ট</u></td>
<td>গত ০৩ (তিন) মাসের ট্রাস্টের ট্রাস্টি বোর্ড পুনর্গঠন করা হয়েছে। মাননীয় উপদেষ্টা মহোদয়ের নির্দেশনা অনুযায়ী বৈষম্য বিরোধী ছাত্র জনতার আন্দোলনে পেশাগত দায়িত্বপালনকালে সারা দেশের আহত/নিহত সাংবাদিকদের আর্থিক সহায়তা দেওয়ার লক্ষ্যে খসড়া তালিকা প্রস্তুত করা হয়েছে। বর্তমানে আহত/নিহত সাংবাদিকদের সম্পর্কে পূর্ণাঙ্গ</td>
<td></td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | | তথ্য সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে।<br><br>এছাড়া, সাংবাদিক ও সাংবাদিক পরিবারের সদস্যদের নিয়মিত আর্থিক সহায়তা কার্যক্রম শুরু করার লক্ষে আবেদন সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। ইতিমধ্যে প্রায় সহস্রাধিক আবেদন জমা পড়েছে। সাংবাদিকদের মেধাবী সন্তানদের বৃত্তি প্রদানের লক্ষে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ২কোটি ৩৬ লক্ষ টাকা ৩৫০ জন দুস্থ সাংবাদিকদের আর্থিক সহায়তা প্রদান করা হয়। | |
| ০৪. | **জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট** | বৈষম্যহীন নতুন বাংলাদেশ বিনির্মাণে গণমাধ্যমের ভূমিকা শীর্ষক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। | কর্মশালার মাধ্যমে নতুন বাংলাদেশ-এর চেতনাকে ধারণ ও লালন করে কিভাবে একটি আলোকিত বাংলাদেশ গড়ে তোলা যায় সে বিষয়ে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের বিভিন্ন গ্রেডের কর্মচারীদের দর্শন, যুক্তি ও মতামত পাওয়া গেছে। |
| | | জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের চলমান প্রশিক্ষণ পাঠ্যধারাগুলোতে বৈষম্যহীন নতুন বাংলাদেশ বিনির্মাণ, জুলাই বিপ্লব-২০২৪ প্রেক্ষাপট, বৈষম্যহীন মানবিক, সৃষ্টিশীল ও দূনীর্তিমুক্ত সমাজ প্রতিষ্ঠায় গণমাধ্যম বিষয়গুলো অন্তর্ভূক্ত করা হয়েছে। | জুলাই বিপ্লব-২০২৪ এর আদর্শে উদ্বুদ্ধ সম্পদ ব্যক্তিদের নিয়ে সেশন পরিচালনা করা হয়েছে। এতে করে নতুন বাংলাদেশের দর্শন গণমাধ্যম সংশ্লিষ্ট কর্মীদরে মাঝে নতুন মাত্রা দিবে এবং গণমাধ্যমগুলো তাদের সংবাদ ও অনুষ্ঠান মালায় এ মনস্তত্ত্বকে আরো বেশি প্রাঞ্জল করে উপস্থাপন করবে বলে আশা করা যায়। |
| | | Content Creation, Screen Play & Visual Production Techniques শীর্ষক প্রশিক্ষণ পাঠ্যধারায় প্রত্যেক প্রশিক্ষণার্থীদের মাধ্যমে আলাদাভাবে বৈষম্যহীন নতুন বাংলাদেশ বিনির্মাণের ধারণা নিয়ে অনুষ্ঠান নির্মাণ এবং গ্রুপ ভিত্তিক দুটি ডকুমেন্টারী নির্মাণের কাজ চলমান রয়েছে। | বৈষম্যহীন নতুন বাংলাদেশ বিনিমার্ণের ধারণা নিয়ে অনুষ্ঠান নির্মাণের মাধ্যমে হাতে-কলমে প্রশিক্ষণ গ্রহণ করে গণমাধ্যমকর্মীগণ দক্ষ হচ্ছে। এতে করে জুলাই বিপ্লব-২০২৪ -এর সত্যিকারের চালচিত্র উঠে আসবে। |
| ০৫. | **বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)** | **ছাত্র আন্দোলন ও গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের সংবাদ সংগ্রহ ও প্রচার:**<br>বাসস থেকে (আগস্ট-২০২৪ থেকে অক্টোবর-২০২৪ পর্যন্ত সময়ে) এবিষয়ে ইংরেজিতে ৭০টি ও বাংলায় ৭১টিসহ মোট ১৪১টি সংবাদ সংগ্রহ ও প্রচার করা হয়েছে। | আন্দোলনে আহত, নিহত ও শহীদদের সঠিক তথ্য জনগণের নিকট তুলে ধরা সম্ভব হচ্ছে। |

| | | | |
|---|---|---|---|
| | | **পতিত সরকারের ২০০৯-২০২৪ সাল পর্যন্ত সকল দুর্নীতি, অনাচার, দমন-পীড়ন, মানবতাবিরোধী অপরাধ, সাম্প্রতিক হত্যাযজ্ঞ ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করে সংবাদ সংগ্রহ ও প্রচার:** সংস্থা থেকে আগস্ট-২০২৪ থেকে অক্টোবর-২০২৪ পর্যন্ত সময়ে) এবিষয়ে ১৪০টি সংবাদ সংগ্রহ ও প্রচার করা হয়েছে। | বিগত সরকারের দুর্নীতি, অনাচার, দমন-পীড়ন, মানবতাবিরোধী অপরাধ, সাম্প্রতিক হত্যাযজ্ঞ ইত্যাদির সঠিক ও বস্তুনিষ্ঠ তথ্য জনসাধারণ জানতে পারছে। |
| ০৬. | গণযোগাযোগ অধিদপ্তর | বৈষম্যহীন রাষ্ট্র গঠনে জনসচেতনতা সৃষ্টি ও অন্যান্য জরুরি বিষয়ে সড়ক প্রচার/মাইকিং- ৪৮০ ইউনিট, জনসচেতনতামূলক চলচ্চিত্র ও দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত প্রামাণ্যচিত্র প্রদর্শন ৫২৭টি, কমিউনিটি পর্যায়ে আর্থসামাজিক ও বিবিধ বিষয়ে সরাসরি/ভিডিওকলের মাধ্যমে উঠান বৈঠক/উন্মুক্ত বৈঠক আয়োজন ১১৯ টি, বৈষম্যহীন বাংলাদেশ গঠন ও আর্থসামাজিক বিভিন্ন বিষয়ে জনসচেতনতামূলক উদ্বুদ্ধকরণ সংগীতানুষ্ঠান আয়োজন/রেকর্ডকৃত ঐরূপ সংগীত প্রচার ১৭৩ টি। | তারুণ্যনির্ভর ও বৈষম্যহীন রাষ্ট্র গঠনের লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি ও জনসম্পৃক্ততা বৃদ্ধি। |
| ০৭. | বাংলাদেশ বেতার | বিষয়: ছাত্র-জনতার গণঅভ্যুত্থান নিয়ে প্রতিক্রিয়া<br>অনুষ্ঠানের ধরণ: সাক্ষাৎকার, ভিত্তিক/প্রমাণ্য অনুষ্ঠান।<br>বিষয়: বৈষম্যমুক্ত সমাজ গঠন, ছাত্র-জনতার গণঅভ্যুত্থান, সমাজ/রাষ্ট্র সংস্কার<br>অনুষ্ঠানের ধরণ: গান।<br>বিষয়: ছাত্র-জনতার সফল আন্দোলনে বৈষম্যহীন সমাজ গঠন।<br>অনুষ্ঠানের ধরণ: আলোচনা।<br>বিষয়: বৈষম্যমুক্ত রাষ্ট্র সংস্কার/ সমাজ গঠন<br>অনুষ্ঠানের ধরণ: জারীগান।<br>বিষয়: ছাত্র-জনতার আন্দোলন ও গণঅভ্যুত্থান, শহিদদের জীবন উৎসর্গ, গণহত্যা, জনসাধারণের অংশগ্রহণ, শহিদ পরিবারের সদস্যদের সাক্ষাৎকার, গণআন্দোলনে আহত ব্যক্তি ও তাদের পরিবারের সদস্যদের সাক্ষাৎকার, সাধারণ মানুষের প্রতিক্রিয়াসহ অভ্যুত্থান সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়।<br>বিষয়: রাষ্ট্র সংস্কার, অর্থপাচাররোধ ও আর্থিকখাত সংস্কার, সিন্ডিকেট বাণিজ্য প্রতিরোধ, দ্রব্যমূল্যর উর্দ্ধগতি রোধ, সঠিক পররাষ্ট্রনীতি গ্রহণ, শিক্ষাব্যবস্থা সংস্কার বিষয়ক অনুষ্ঠান।<br>বিষয়: আইন, বিচার, সুশাসন ও বৈষম্যহীন বাংলাদেশ গঠন, মানবাধিকার নিশ্চিতকরণ,<br>দুর্নীতিমুক্ত বাংলাদেশ গঠন, বিচার বিভাগের স্বাধীনতা নিশ্চিতকরন,প্রতিষ্ঠানসমূহে দলীয়করণ রোধ (পাবলিক সার্ভিস কমিশন, নির্বাচন কমিশনসহ সকল রাষ্ট্রীয় প্রতিষ্ঠান দুর্নীতিমুক্তকরণ) বিষয়ক | এ বিষয়ে তরুণ সমাজের অংশগ্রহণ নিশ্চিতপূর্বক বাংলাদেশ বেতারে নিয়মিত অনুষ্ঠান প্রচার করা হচ্ছে। |

| | | | |
|---|---|---|---|
| | | অনুষ্ঠান।<br>বিষয়: তারুণ্যের শক্তি ও সম্ভাবনা - তরুণদের অংশগ্রহণমূলক অনুষ্ঠান, ট্রাফিক নিয়ন্ত্রণে অংশগ্রহণ,পরিচ্ছন্নতায় সক্রিয় ভূমিকা, বন্যার্তদের সাহায্যে এগিয়ে আসা, জাতীয় সম্পদ সংরক্ষণ, শিক্ষা প্রতিষ্ঠানে নৈরাজ্য প্রতিরোধ এবং বিভিন্ন বিষয়ে তরুন সমাজের গৃহীত কার্যক্রম বিষয়ক অনুষ্ঠান।<br>বিষয়: বাংলাদেশের সাম্প্রদায়িক সম্প্রীতি (সকল ধর্মের ব্যক্তিদের সহাবস্থান নিশ্চিতকরণে ছাত্র-জনতার ভূমিকাসহ অন্যান্য বিষয়)। | |
| ০৮. | প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) | বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন, প্রধান উপদেষ্টার ভাষণ, এবং গণমাধ্যম ও সাংবাদিকতার বিভিন্ন ইস্যুভিত্তিক বিষয় নিয়ে গণমাধ্যম সাময়িকী ২টি নিরীক্ষা প্রকাশ করা হবে। | কার্যক্রম চলমান |
| | | শহীদ শিক্ষার্থী, গ্রাফিতি, ট্রাফিক ম্যানেজমেন্টে শিক্ষার্থীদের ভূমিকা, আন্দোলনে আহতদের স্বাস্থ্য/চিকিৎসা বিষয়ে ২০টি ফিচার ফিচার নিবন্ধ সম্পাদনা ও প্রকাশ করা হবে। | কার্যক্রম চলমান |
| ০৯. | বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট | বৈষম্যবিরোধী কার্যক্রম পরিচালনা | শিক্ষক, শিক্ষার্থী এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়াধীন দপ্তরের প্রতিনিধিদের অংশগ্রহণে 'বৈষম্যমুক্ত আগামীর বাংলাদেশ গঠনে বিসিটিআই-এর করণীয়' শীর্ষক সেমিনার ৩০ সেপ্টেম্বর, ২০২৪ খ্রি. তারিখে বাস্তবায়ন করা হয়েছে। |
| ১০. | তথ্য অধিদফতর | • মন্ত্রণালয়সমূহে জনসংযোগ কর্মকর্তা পদায়ন এবং উপদেষ্টাগণের দায়িত্ব পুনর্বণ্টনের সাথে সাথে একাধিকবার তাদের দায়িত্ব পুনর্বণ্টন করা হয়।<br>• ১২৮৯টি তথ্যবিবরণী (৪১টি স্ক্রলবার্তাসহ) ইস্যু করা হয়।<br>• ১২৭২টি ছবি ক্যাপশনসহ রিলিজ করা হয়। ছবিগুলো মাননীয় প্রধান উপদেষ্টা ও উপদেষ্টাগণের অংশগ্রহণে অনুষ্ঠিত সরকারি কার্যক্রম, বৈষম্যবিরোধী আন্দোলন, 'শহীদি মার্চ' এবং রাষ্ট্র সংস্কার ও বৈষম্যবিরোধী তথ্য সম্বলিত বিভিন্ন দেয়াল লিখন ও গ্রাফিতির ছবি।<br>• গুরুত্বপূর্ণ তথ্যবিবরণী ও স্ক্রল রিলিজের পর দ্রুততার সাথে প্রচার নিশ্চিত করার জন্য টেলিভিশন চ্যানেল, রেডিও চ্যানেল, নিউজ এজেন্সি ও সংবাদপত্রের দায়িত্বশীল সংশ্লিষ্ট ব্যক্তিদের সঙ্গে টেলিফোনে যোগাযোগ করা হয়।<br>• সাংবাদিকদের অনুকূলে ০৭টি নতুন স্থায়ী অ্যাক্রিডিটেশন কার্ড প্রদান ও ৪১টি স্থায়ী কার্ড নবায়ন করা হয়। এছাড়া, ১০৬টি নতুন অস্থায়ী অ্যাক্রিডিটেশন কার্ড প্রদান ও ৪২৩টি অস্থায়ী কার্ড নবায়ন করা হয়।<br>• ০৬টি অনলাইন নিউজ পোর্টাল সনদ ইস্যু এবং ৮৩টি | বর্তমান সরকারের কার্যক্রমের সাথে সামঞ্জস্য রেখে তথ্য অধিদফতর গৃহিত কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করছে। |

| | | | |
|---|---|---|---|
| | | নিউজ পোর্টালের সনদ নবায়ন করা হয়।<br>• তথ্য অধিদফতর থেকে গুজব প্রতিরোধে ০৩টি Iconotext প্রস্তুত করে বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করা হয়েছে। সরকারের কার্যক্রম গতিশীল করতে অত্র অধিদফতরের সাথে সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে ১৮.০৯.২০২৪ তারিখে একটি অংশীজন সভা অনুষ্ঠিত হয়েছে। | |
| ১১. | বাংলাদেশ প্রেস কাউন্সিল | গণমাধ্যমে সুশাসন নিশ্চিতসহ বৈষম্য নিরসনে বিভিন্ন অংশীজনসহ গণমাধ্যমে কর্মরত সাংবাদিকদের সাথে বাংলাদেশ প্রেস কাউন্সিলের পৃথক ৩টি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। | বাংলাদেশ প্রেস কাউন্সিল আয়োজিত এসব মতবিনিময় সভা গণমাধ্যমকর্মী, বিভিন্ন অংশীজনদের সাথে বাংলাদেশ প্রেস কাউন্সিলের সম্পর্ক জোরদার ও দূরত্ব নিরসনে সহায়ক হয়েছে। বিশেষ করে কিভাবে প্রেস কাউন্সিলকে কার্যকর গণমাধ্যমবান্ধব ও বৈষম্যমুক্ত প্রতিষ্ঠানে রূপান্তর করা যায় সে বিষয়ে গণমাধ্যমকর্মী, বিভিন্ন অংশীজন সুচিন্তিত মতামত, সুপারিশ প্রদান করেছেন। |
| ১২. | বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড | ১. বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ডের আওতায় ৬-১০-২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ০৮ টি পূর্ণদৈর্ঘ্য বাংলা চলচ্চিত্র ও ০২ টি টেইলার পরীক্ষণ করে সিদ্ধান্ত নেয়া হয়েছে;<br>২. জুরি বোর্ড ২০২৩ পুনর্গঠন করা হয়েছে এবং এর মাধ্যমে জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০২৩ প্রদানের জন্য আবেদনসমূহ যাচাই বাছাই কার্যক্রম চলছে। বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন আইনের খসড়া প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>৩. ফিল্ম ক্লাবের নিবন্ধন চূড়ান্ত করা হয়েছে।<br>৪.৩টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। | - |
| ১৩. | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর | বৈষম্য বিরোধী ছাত্র-গণআন্দোলন এর ওপর একটি গ্রাফিতির অ্যালবাম প্রকাশ। | অ্যালবাম প্রকাশের জন্য ডামি চূড়ান্ত হয়েছে। |

৫/১১/২৪

কাজী জিয়াউল বাসেত
উপসচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার